



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর।

✉ shariatpurgovtcollege1978@gmail.com

www.sgc.gov.bd



স্মারক নং-৩৭.১০.৮৬৬৯.০০০.০০.০০০.২৬-৭০১

তারিখ: ০১ নভেম্বর ২০২৬ খ্রি:

অফিস আদেশ

বিষয় : শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর-এ একাদশ শ্রেণির (সেশন: ২০২৬-২০২৭) নবীন বরণ অনুষ্ঠানে অভ্যর্থনার জন্য একাডেমিক বিভাগ সমূহ থেকে শিক্ষার্থী মনোনয়ন ও অভ্যর্থনা কার্যক্রমসহ সকল কার্যক্রম সর্বোচ্চ গুরুত্বের সাথে বাস্তবায়ন।

শরীয়তপুর সরকারি কলেজের সকল একাডেমিক বিভাগীয় প্রধান, উপানুষ্ঠানিক বিভাগ (বিএনসিসি, রোডার স্কাউটস এবং যুব রেডক্রিসেন্ট) সমূহের প্রধানবৃন্দ এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, একাদশ শ্রেণির (২০২৬-২০২৭) নবীন বরণ ০৪ নভেম্বর, ২০২৬ইং বুধবার সকাল ১০:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে সম্মানিত অতিথিবৃন্দকে এবং নবীন শিক্ষার্থীদের অভ্যর্থনার বিভিন্ন পর্যায়ের কার্যক্রমে নিম্নে বর্ণিত সংশ্লিষ্ট শিক্ষার্থী মনোনয়ন দিয়ে নির্দিষ্টকৃত তথ্যসহ তালিকা ০২-১১-২০২৬ তারিখ সোমবার সকাল ১০:০০ ঘটিকার মধ্যে প্রফেসর নারায়ন চন্দ্র ঘোষ, বিভাগীয় প্রধান, ব্যবস্থাপনা বিভাগের নিকট হার্ড কপি প্রেরণ করতে হবে :

- (১) প্রত্যেক একাডেমিক বিভাগ থেকে ৩ জন ছাত্র ও ৩ জন ছাত্রী।
- (২) বিএনসিসি এর সকল সদস্য।
- (৩) রোডারস্ স্কাউটের সকল সদস্য।
- (৪) যুব রেড ক্রিসেন্ট এর সকল সদস্য।
- (৫) দ্বাদশ শ্রেণির ৩০ জন ছাত্র ও ৩০ জন ছাত্রী।

ছাত্র-ছাত্রী মনোনয়ন তালিকায় যেসব তথ্য থাকতে হবে তা হলো :

১। ক্লাস রোল নং ২। শিক্ষার্থীর নাম ৩। বিভাগ ও বর্ষ ৪। মোবাইল নম্বর:

সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান স্বাক্ষরিত তালিকা প্রেরণ করতে হবে।

দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী মনোনয়নে যে সকল সম্মানিত শিক্ষক দায়িত্ব পালন করবেন তারা হলেন :

- ১। জনাব মোঃ শাহীন সরকার, সহকারী অধ্যাপক, দর্শন।
- ২। জনাব কৃষ্ণ কুমার ঘোষ, প্রভাষক, পদার্থবিদ্যা।
- ৩। জনাব কাওছার আহমেদ, প্রভাষক, ব্যবস্থাপনা।

নবীন বরণ অভ্যর্থনা উপকমিটির করণীয় :

- ১। উল্লিখিত শিক্ষার্থীদের তালিকা অনুসারে তাদের উপস্থিতি নিশ্চিতকরণ।
- ২। মনোনয়ন প্রাপ্ত সকল শিক্ষার্থীদের সমন্বয়ে ০২-১১-২০২৬ তারিখে নির্দেশনা সভা অনুষ্ঠান।
- ৩। মনোনয়ন প্রাপ্ত শিক্ষার্থীদের ০৪-১১-২০২৬ তারিখে যে সকল স্থানে দায়িত্বপালন নিশ্চিত করতে হবে :-

(ক) মূল গেইট থেকে অতিথিবৃন্দকে ফুলের পাপড়ি ছিটিয়ে অভ্যর্থনা প্রদান করবে ৩০ জন ছাত্র ও ৩০ জন ছাত্রী; সর্বমোট= ৬০ জন। (সু-সজ্জিত হয়ে আসতে হবে)

খ) অনুষ্ঠান প্যাভিলে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের রজনী গন্ধা ফুল ও মানপত্রের কপি প্রদান করবে বিএনসিসি, রোভার স্কাউটস, যুব রেড ক্রিসেন্টের সদস্যবৃন্দ, সকল বিভাগের ও উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থী।

(গ) অনুষ্ঠান প্যাভিলে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের ফুলেল শুভেচ্ছা ও মানপত্র বিতরণের কাজে সমন্বয় করবে মঞ্চ ও সাজসজ্জা উপকমিটির সদস্যবৃন্দ (সম্মানিত শিক্ষক) ও মূল কমিটির সদস্যবৃন্দ।

- ৪। অনুষ্ঠান মঞ্চের সামনে ডিসপ্লে-এর মাধ্যমে অতিথিবৃন্দকে সংগীতের সাথে ফুলের পাপড়ি দ্বারা অভ্যর্থনা প্রদান কাজে দায়িত্ব পালন করবে :-
- ক) সাংস্কৃতিক উপকমিটির সকল সদস্য।
 - খ) অভ্যর্থনা উপকমিটির সদস্যবৃন্দ।
 - গ) মূল কমিটির সদস্যবৃন্দ।

এমতাবস্থায় উল্লিখিত কার্যক্রম সমূহ কলেজের সকল শিক্ষক-কর্মকর্তাকে সরকারি দায়িত্বের অংশ হিসেবে সর্বোচ্চ গুরুত্বের সাথে সম্পাদনের জন্য বলা হলো।

বি: দ্র: নবীন বরণ অনুষ্ঠানের দিবস ০৪ নভেম্বর ২০২৬, বুধবার কলেজে কর্মরত সকল শিক্ষককে সকাল ৮:৩০ মিনিট এর মধ্যে উপস্থিত থাকতে হবে।


(প্রফেসর মোঃ ফজলুল হক)

আইডি নং-১৯০২

অধ্যক্ষ


শরীয়তপুর সরকারি কলেজ
শরীয়তপুর।

মোবাইল : ০১৩২৬৭৭৯১৯৬

বিতরণ :

- ১। বিভাগীয় প্রধান (সকল), শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর।
(বিভাগের সকল শিক্ষক কর্মকর্তাকে বিষয়টি অবহিত করণের অনুরোধসহ)
- ২। নবীন বরণ পরিচালনা মূল কমিটির সকল সদস্য।
- ৩। নবীন বরণ পরিচালনা উপকমিটির সকল সদস্য।
- ৪। শিক্ষক-কর্মকর্তাবৃন্দ, শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর।

অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় জ্ঞাতার্থে) :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ২। উপাধ্যক্ষ, শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর।
- ৩। সংরক্ষণ নথি।